



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েব আর্নিস কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন, ইকোটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০।
www.wewb.gov.bd

নং : ৪৯.০৪.০০০০.০০৪.০১৮.১৬৩.২০২৫-৭৬

তারিখ : ১৩/১০/২০২৫ খ্রি।

বিজ্ঞপ্তি

এসএসসি/সমমান-২০২৫, এইচএসসি/সমমান-২০২৪ ও ডিপ্লোমা-২০২৪ ক্যাটাগরিতে প্রবাসী কর্মীর সন্তানদের শিক্ষাবৃত্তি প্রদানের জন্য দরখাস্ত আহ্বান।

প্রবাসী কর্মীর মেধাধী সন্তান যারা ২০২৫ সালের এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়ে দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে একাদশ/সমমান অথবা ডিপ্লোমা কোর্সে (১ম সেমিস্টার/বর্ষে) অধ্যয়নরত ও ২০২৪ সালে এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়ে দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়/ মেডিকেল কলেজে (১ম সেমিস্টার/বর্ষে) অধ্যয়নরত এবং বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড হতে ২০২৪ সালে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং পরীক্ষায় উত্তীর্ণ হয়ে দেশের বিভিন্ন প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে (১ম সেমিস্টার/বর্ষে) অধ্যয়নরত তাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অনলাইনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলি :

(১) যে সব প্রবাসী কর্মীর সন্তানগণ শিক্ষাবৃত্তির জন্য আবেদন করতে পারবে-

- বিএমইটি'র ডাটাবেজের মাধ্যমে বহির্গমন ছাড়পত্র গ্রহণকারী অথবা ওয়েব আর্নিস কল্যাণ বোর্ডের মেম্বারশিপ গ্রহণকারী প্রবাসী কর্মীর সন্তান;
- ওয়েব আর্নিস কল্যাণ বোর্ড হতে আর্থিক অনুদান পেয়েছেন বা পাবেন এমন মৃত প্রবাসী কর্মীর সন্তান।

(২) নিম্নোক্ত ছকে বর্ণিত শর্তসাপেক্ষে শিক্ষার্থী আবেদন করতে পারবে-

ক্রম	ক্যাটাগরি	বিভাগ	বাংলাদেশের কারিকুলাম অনুযায়ী জিপিএ	
			(ক) প্রবাসে কর্মরত কর্মীর সন্তানের ক্ষেত্রে	(খ) প্রবাসে মৃত কর্মীর সন্তানের ক্ষেত্রে
০১	এসএসসি/সমমান ২০২৫	বিজ্ঞান বিভাগ	৫.০০	৪.০০
		মানবিক ও বাণিজ্য বিভাগ	৪.৭৫	৪.০০
০২	এইচএসসি/সমমান ২০২৪	বিজ্ঞান বিভাগ	৪.৮০	৪.০০
		মানবিক ও বাণিজ্য বিভাগ	৪.৫০	৪.০০
০৩	ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং ২০২৪	-	৩.৫০	৩.০০

(৩) আবেদনের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি আপলোড করতে হবে :

- পিতা/মাতা প্রবাসী কর্মী হওয়ার স্বপক্ষে প্রমাণক হিসাবে BMET বহির্গমন ছাড়পত্র সঞ্চলিত পাসপোর্ট-এর কপি/WEWB সদস্যপদের পাসপোর্ট-এর কপি।
- শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের সোবাইল নম্বরসহ অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠান হতে প্রদত্ত প্রত্যয়ন পত্র।
- প্রবাসে মৃত কর্মীর সন্তানদের ক্ষেত্রে বিদেশস্থ বাংলাদেশ মিশন কর্তৃক ইস্যুকৃত NOC (দূতাবাস সনদ)-এর কপি।
- শিক্ষার্থীর যে কোন তফসিলি ব্যাংকের হিসাব নম্বর ও ব্যাংক রাউটিং নম্বরসহ স্টেটসেন্ট (এজেন্ট ব্যাংকিং গ্রহণযোগ্য নয়)।
- শিক্ষার্থীর ০১ (এক) কপি ছবি ও স্বাক্ষর।
- শিক্ষার্থীর জন্মনিবেদন/NID কার্ড-এর কপি।

(৪) শিক্ষাবৃত্তি প্রদানের মেয়াদ :

- এসএসসি/সমমান ক্যাটাগরিতে শিক্ষাবৃত্তির জন্য মনোনীত শিক্ষার্থীদের একাদশ ও দ্বাদশ শ্রেণি পর্যন্ত ০২ (দুই) বছর ও ডিপ্লোমা শ্রেণিতে অধ্যয়নরতদের জন্য ০৪ (চার) বছর;
- এইচএসসি/সমমান ক্যাটাগরিতে শিক্ষাবৃত্তির জন্য মনোনীত শিক্ষার্থীদের ক্ষেত্রে স্নাতক পর্যায়ে ৩ (তিন) বছর/স্নাতক (সম্মান) পর্যায়ে ৪ (বছর) ও মেডিকেলের জন্য ৫ বছর; এবং
- বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড হতে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং ক্যাটাগরিতে শিক্ষাবৃত্তির জন্য মনোনীত শিক্ষার্থীদের ক্ষেত্রে বিএসসি ইন ইঞ্জিনিয়ারিং পর্যায়ে ৪(বছর) বৃত্তি প্রদান করা হবে।

(৫) অনলাইনে আবেদনের প্রক্রিয়া :

- সকল শিক্ষার্থীকে অনলাইনে আবেদন করতে হবে এবং আবেদনের জন্য <https://portal.wewb.gov.bd> লিংকে ভিজিট করুন।
- অনলাইনে আবেদনের সময়সীমা : ২৬ অক্টোবর ২০২৫ হতে ২৫ নভেম্বর ২০২৫ তারিখ পর্যন্ত।

(৬) শর্তাবলি :

- শিক্ষার্থীর সোবাইল নম্বর এবং তার মাতা/পিতা/অভিভাবক-এর সোবাইল নম্বর অবশ্যই আবেদনে উল্লেখ করতে হবে।
- প্রবাসী কর্মীর পাসপোর্টে উল্লিখিত নামের সাথে আবেদনকারীর সনদে উল্লিখিত পিতা/মাতার নামের গরমিল পরিলক্ষিত হলে আবেদন বাতিল বলে গণ্য হবে।
- শিক্ষাবৃত্তির আবেদন শুধুমাত্র অনলাইনে করতে হবে, সরাসরি বা ডাকযোগের আবেদন গ্রহণ করা হবে না।
- অসম্পূর্ণ এবং ভুল তথ্য প্রদানকৃত আবেদন বাতিল বলে গণ্য হবে এবং বৃত্তি প্রদান সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- এ সংক্রান্ত যে কোন তথ্যের জন্য ২৪/৭ প্রবাসবন্ধু কলসেন্টারে দেশ থেকে ১৬১৩৫ (টোল ফ্রি) এবং বিদেশ থেকে +৮৮০৯৬১০১০২০০০ নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

মোঃ ইমরান আহমেদ
উপসচিব
পরিচালক (আইআরপি)